

// বিশ্ববিদ্যালয়ের // অনুষ্ঠানে রাজনীতি নয় ॥ কাদের

নিজস্ব সংবাদদাতা, নোয়াখালী,
১৫ জুলাই ॥ সড়ক পরিবহন ও
সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের
সাধারণ সম্পাদক ওবায়দুল
কাদের বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানকে
রাজনৈতিক অনুষ্ঠানে পরিণত না
করার আহ্বান জ্ঞানিয়ে বলেন,
বিশ্ববিদ্যালয়ে যে অনুষ্ঠান এটাকে
রাজনৈতিক অনুষ্ঠানে পরিণত
করা উচিত নয়। চিরকাল আমরা
ক্ষমতায় থাকব না। আমরা যখন
ক্ষমতায় থাকব না, তখন আজ
যারা বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানকে
রাজনীতির অনুষ্ঠান করছে- তখন
তারা কিন্তু এর শিকার হবে।
চিরদিন কেউ ক্ষমতায় থাকে না।
মন্ত্রী শনিবার দুপুরে নোয়াখালী
(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে

(প্রথম পৃষ্ঠার পর)
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান
অতিথির বক্তব্যে এসব কথা বলেন।
মন্ত্রী বলেন, রাজনীতি মেধাবী, সং ও
চরিত্রবান লোকদের করতে হবে।
মেধাবীর রাজনীতি না করলে
রাজনৈতিক মঞ্চ মেধাশূন্য হয়ে
যাবে। মেধাবীর রাজনীতি না করলে
মেধাশূন্য ব্যক্তিরা দেশ চালাবে।
তিনি মেধাবী, সং ও শিক্ষিত
লোকদের এবং যোগ্য লোকদের
রাজনীতিতে আসার আহ্বান জানান।
ওবায়দুল কাদের বলেন, জীবনের
জন্য শিক্ষা গ্রহণ
করতে হবে। শিক্ষা মানেই এখন
পরীক্ষা কেন্দ্রিক শিক্ষা। পরীক্ষার
কেন্দ্রীয় শিক্ষা বলে চাতকের মতো
প্রশ্নপত্র কোথায় ফাঁস হচ্ছে সেদিকে
ডাকিয়ে থাকে অনেক শিক্ষার্থী। তিনি
বলেন, শিক্ষার মান না বাড়লে আমরা
র্যাঙ্কিংয়ে আন্তর্জাতিক মানদণ্ডে উন্নতি
করতে পারব না। বাংলাদেশের কোন
বিশ্ববিদ্যালয় বর্তমানে বিশ্ব
র্যাঙ্কিংয়ে কোথাও নেই। কাজেই
শিক্ষার মান না বাড়লে বিশ্ব র্যাঙ্কিংয়ে
অন্তর্ভুক্ত হতে পারব না। শিক্ষার মান
বাড়াতে হলে মানসম্মত শিক্ষা
দরকার। মানসম্পন্ন পাঠদান ছাড়া
মানসম্মত শিক্ষা এগোবে না।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং
তারিখ
সংখ্যা
সিদ্ধ
সিদ্ধ
প্রশাসনিক
.....